

QP Code: 24/PT/1/VI

স্নাতকোত্তর ডিগ্রি প্রোগ্রাম ( **Post-Graduate Degree Programme** )

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা ( **Term End Examination** ) : ডিসেম্বর, ২০২৪

বাংলা ( **Bengali** )

ষষ্ঠ পত্র ( **6th Paper** )

**NATOK O NATYAMANCHA**

সময় : চার ঘণ্টা

Time : 4 hours

পূর্ণমান : ১০০

Full Marks : 100

( মানের গুরুত্ব : ৮০% )

( Weightage of Marks : 80% )

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

**Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting. The figures in the margin indicate full marks.**

- ১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৪৫০ শব্দে ) : ১৮ × ২ = ৩৬
- ক) বাংলার নাট্যাভিনয়ের ইতিহাসে গেরাসিম লেবেডেফের ভূমিকাকে কেন গুরুত্বপূর্ণ মনে করা হয় আলোচনা করুন।
- খ) ‘সাজাহান’ নাটকটিকে ট্র্যাজেডি বলা যায় কি ? আপনার অভিমত প্রকাশ করুন।
- গ) ‘তপস্বী ও তরঙ্গিনী’ তে বুদ্ধদেব বসু কীভাবে পুরাণের কাহিনির পুনর্জন্ম ঘটিয়েছেন আলোচনা করুন।
- ঘ) ‘অঙ্গার’ নাটকের নামকরণটি কি আপনি সার্থক বলে মনে করেন ? বক্তব্যের পক্ষে বা বিপক্ষে নিজস্ব যুক্তি সজ্জিত করুন।
- ২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ৩০০ শব্দে ) : ১২ × ৩ = ৩৬
- ক) বেলগাছিয়া নাট্যশালা কী কী কারণে গুরুত্বপূর্ণ আলোচনা করুন।
- খ) ‘মালিনী’র নাট্যভাষা ও নাট্যসংলাপ বিষয়-অনুসারী হয়েছে কিনা উদাহরণসহ আলোচনা করুন।

- গ) ‘ছেঁড়াতার’ নাটকে ফুলজান চরিত্রটির গুরুত্ব বুঝিয়ে দিন।
- ঘ) ‘তপস্বী ও তরঙ্গিনী’তে গৌণ চরিত্রগুলি সার্থক হয়েছে কিনা বিচার করুন।
- ঙ) ‘চাঁদ বণিকের পালা’ নাটকের সনকা ও বেহলা কি দুই বিপরীত আদর্শের প্রতীক ? আপনার অভিমত জানান।
- চ) ‘গল্প হেকিমসাহেব’ নাটকে ওয়ালী খাঁ ও পশুপতি পোদ্দারকে কি খলচরিত্র বলবেন ? আপনার বক্তব্য যুক্তিসহ আলোচনা করুন।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন ( অনধিক ১৫০ শব্দে ) : ৭ × ৪ = ২৮

- ক) নবীন বসুর নাট্যশালার সংক্ষিপ্ত পরিচয় দিন।
- খ) ‘বিধুমুখি তোমার বদনচন্দ্র দেখে আজ আমার মনকুমুদ প্রফুল্ল হলো !’  
— বক্তা কে ? বক্তার কোন্ চরিত্রবৈশিষ্ট্য এই উক্তি প্রকাশিত হয়েছে ?
- গ) মালিনীর বিরুদ্ধে বিদ্রোহী ব্রাহ্মণদের মধ্যে কারা ছিলেন ? তাঁরা মালিনীর কোন্ শাস্তি কামনা করেছিলেন ?
- ঘ) ‘সাজাহান’ নাটকটিকে কি ঐতিহাসিক নাটক বলা যায় ?
- ঙ) রহিমের দিলরুবার দাম কত ছিল ? নাটকে দিলরুবার তাৎপর্য কী ?
- চ) ‘ মা, আমি বাঁচতে চেয়েছিলাম, মা।’  
— কার উক্তি ? কোন্ পরিস্থিতিতে এই সংলাপ উচ্চারিত হয়েছিল ?
- ছ) ‘নাটুয়ার রাজার মতন রাজা সেজে ভাব্যাছিলে সত্য বুঝি রাজা হয়্যা গ্যাছো’ !  
— কার উক্তি ? কার প্রতি ? কোন্ প্রসঙ্গে এই বাক্য উচ্চারিত হয়েছিল ?
- জ) ‘গল্প হেকিমসাহেব’ নাটকে ছায়েম চরিত্রটিকে কেন গুরুত্বপূর্ণ মনে করা হয় ?